



www.bilsbd.org

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +৮৮-০২-৪১০২০২৮০, ৪১০২০২৮১, ৪১০২০২৮২, ৪১০২০২৮৩, ফ্যাক্স : ৮৮-০২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

তারিখ: ২৮ নভেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বিল্‌স অ্যাপ উন্মোচন

তথ্য প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স'কে আরও একধাপ এগিয়ে নিতে সম্প্রতি বিল্‌স একটি মোবাইল অ্যাপস তৈরি করেছে। এই অ্যাপস ব্যবহারের মাধ্যমে বিল্‌স পরিচালিত বিভিন্ন কার্যক্রম/কোর্স সম্পর্কিত তথ্য, জরিপে অংশগ্রহণ, তথ্য আদান প্রদান, প্রকাশনা ও নোটিশসহ অন্যান্য সুবিধা পাওয়া যাবে।

আজ ২৮ নভেম্বর ২০২১ বিল্‌স সেমিনার হল, ঢাকায় বিল্‌স অ্যাপসের উন্মোচন ঘোষণা করেন বিল্‌স চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিল্‌স মহাসচিব ওনির্বাহী পরিচালক নজরুল ইসলাম খান, ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন, উপদেষ্টা পরিষদ সদস্য কামরুল আহসান, নির্বাহী পরিষদ সদস্য কুতুব উদ্দিন আহমেদ, সাকিল আখতার চৌধুরী, মোঃ আব্দুল ওয়াহেদ, নাসরিন আক্তার ডিনা, কাজী রহিমা আক্তার সাথী, শামীম আরা প্রমুখ। এছাড়া জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন নেতৃবৃন্দ, যুব নেতৃবৃন্দ, নারী নেতৃবৃন্দ এবং বিল্‌স কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জানানো হয় গুগল প্লে-স্টোরে BILS লিখে ডাউনলোড ও মোবাইলে ইনস্টল করে যে কেউ রেজিস্ট্রেশন করে এই অ্যাপস ব্যবহার করতে পারবেন।

ধন্যবাদান্তে-

মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিল্‌স

মোবাইল: ০১৯১৪৮৯১২২৩